দৈনিক বাংলা

তারিখ 25 FEB 1997
পৃষ্ঠা 2 কলাম 4

12

# ৩য় ও ৪র্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহবান

ডাক ও টেলিযোগাযোগ, বাংলাদেশ রেলওয়ে, বাংলাদেশ রাইফেলস, বাংলাদেশ পুলিশ ও সশস্ত্র বাহিনীর কর্মচারী ব্যতীত বেসামরিক খাত থেকে বেতন গ্রহণকারী সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর নন-গেজেটেড সরকারী কর্মচারীদের নিকট থেকে তাদের সন্তানদের ১৯৯৬-৯৭ সালের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হয়েছে। কন্টিনজেন্সি, ওয়ার্কচার্জড কর্মচারী যারা একনাগাড়ে পাঁচ বা তদূর্ধ্বকাল চাকরিতে নিয়োজিত আছেন তারাও তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীর সম্প্রতি তোলা ছবি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে এবং ছবিটি অফিস প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে। খবর তথ্য বিবরণীর।

উপযুক্ত শ্রেণীর কর্মচারিগণ প্রাথমিক শিক্ষা ব্যতীত যে কোন শিক্ষাকোর্সে অধ্যয়নরত অনূর্ধ্ব দুই সন্তানের জন্য একই ফরমে আবেদন করতে পারবেন। তবে তাদের সন্তানদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার প্রত্যেক বিষয়ে পাস নম্বরসহ গড়ে কমপক্ষে ৪০% নম্বর থাকতে হবে। সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের পূর্ববর্তী বার্ষিক পরীক্ষার মূল নম্বরপত্র এবং মাধ্যমিক শিক্ষা কোর্সের উপরের শ্রেণীর ক্ষেত্রে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নম্বরপত্রসহ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ৩১ মার্চের মধ্যে নিজ নিজ অফিসের প্রধানের মাধ্যমে সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতরের সংশ্লিষ্ট অফিসে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না। পরীক্ষার ফলাফলের মূল নম্বরপত্রের পরিবর্তে এর ফটোকপি কিংবা অনুলিপি প্রদান করা হলে তা অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরম সংগ্রহ করে যাতে কর্মচারিগণ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে পারেন সেদিকে লক্ষ রেখে পরিদফতরের প্রধান ও বিভাগীয় কার্যালয়সমূহ এবং প্রত্যেক জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে বিনামূল্যে ফরম বিতরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

কর্মচারিগণ নিজ নিজ অফিস কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করে পরিদফতরের নিম্নবর্ণিত কার্যালয়সমূহ অথবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের অফিস থেকে ব্যক্তিগতভাবে কিংবা ডাকযোগে চার টাকার ডাকটিকিটযুক্ত ঠিকানা সংবলিত ১০"×৫" সাইজের খাম প্রেরণ করে উক্ত ফরম সংগ্রহ করতে পারবেন।

পরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, ১ম ১২তলা সরকারী অফিস ভবন (১১তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০, উপপরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় কার্যালয়, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৩য় তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০; উপপরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় কার্যালয়, আগ্রাবাদ, চট্টগ্রাম (চট্টগ্রাম ও সিলেট বিভাগের জন্য)); উপপরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় কার্যালয়, বয়রা, খুলনা (খুলনা বিভাগের জন্য, উপপরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী (রাজশাহী বিভাগের জন্য) এবং উপপরিচালক, সরকারী কর্মচারী কল্যাণ পরিদফতর, বিভাগীয় কার্যালয়, সদর হাসপাতাল ভবন, বরিশাল (বরিশাল বিভাগের জন্য)।